গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

**আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী**

**সভাপতি** : **এম, এ, এন, ছিদ্দিক**
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

তারিখ : ১৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : ডিএমটিসিএল-এর সম্মেলন কক্ষ

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর জাতীয় কর্মসূচি এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:

**স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন**
**শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন।**

০২। এই পর্যায়ে জনাব মোঃ ইমাম উদ্দীন কবীর, উপপ্রকল্প পরিচালক (প্রশাসন), ডিএমটিসিএল জাতীয় কর্মসূচি এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মসূচির নিরিখে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক গৃহীতব্য কর্মসূচির খসড়া সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ দিনব্যাপী ডিএমটিসিএল এর কর্মসূচি সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে চূড়ান্ত করা হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ এর উত্তরা, আগারগাঁও, ফার্মগেট ও গাবতলী সাইট অফিসে সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন। | প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬<br>এবং<br>প্রকল্প ব্যবস্থাপক-১,২ ও ৩, এমআরটি লাইন-৬ |
| ২. | এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর, মিরপুর-১০ এবং আগারগাঁও স্টেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যানার স্থাপন। | উপপ্রকল্প পরিচালক (গণসংযোগ)<br>এমআরটি লাইন-৬<br>এবং<br>গভর্ণমেন্ট এন্ড পাবলিক রিলেশন্স এক্সপার্ট, এমএফসিএ |
| ৩. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এঁর নেতৃত্বে ১৭ মার্চ ২০২৩ তারিখ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত সকাল ০৭.০০ ঘটিকায় রাসেল স্কয়ারের লাজ ফার্মার বিপরীত পার্শ্বে উপস্থিতি। | প্রকল্প পরিচালক, এমআরটি লাইনস<br>কোম্পানি সচিব, ডিএমটিসিএল<br>পরিচালক (অর্থ ও হিসাব), ডিএমটিসিএল<br>অতিরিক্ত প্রকল্প পরিচালক (সকল), এমআরটি লাইনস<br>উপ প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (সকল), এমআরটি লাইনস<br>জেনারেল ম্যানেজার (প্রকিউরমেন্ট), ডিএমটিসিএল<br>সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪. | ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কম বেশি ৬০ (ষাট) জন পথশিশুদের মেট্রোরেলে আগারগাঁও স্টেশন হতে উত্তরা উত্তর স্টেশন এবং বিপরীতক্রমে ভ্রমণ ও মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে যোগদান। ডিএমটিসিএল পথশিশুদের সকালের নাস্তা এবং কেক এর ব্যবস্থা করবে। পথশিশুদের মেট্রোরেল ভ্রমণের টিকেটের মূল্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ পরিশোধ করবে। ডিএমটিসিএল এর পক্ষে জনাব মোহাম্মদ আবদুর রউফ (যুগ্মসচিব), কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) ডিএমটিসিএল অংশের অনুষ্ঠানের সমন্বয় করবেন। | কোম্পানি সচিব, ডিএমটিসিএল<br>উপ প্রকল্প পরিচালক (এল এ এন্ড রিসেটেলমেন্ট), এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট<br>উপ প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন), এমআরটি লাইন-৬<br>উপপ্রকল্প পরিচালক (গণসংযোগ) এমআরটি লাইন-৬<br>প্রকল্প ব্যবস্থাপক-১ ও ৩, এমআরটি লাইন-৬<br>উপ প্রকল্প পরিচালক (প্রশাসন), এমআরটি লাইন-১ |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্যাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ বাদ এশা মোহাম্মদপুরস্থ নূরজাহান রোডে অবস্থিত বায়তুল ফজল মাদ্রাসায় পবিত্র কোরআন খতম, মোনাজাত ও প্রার্থনা এবং মাদ্রাসার এতিম শিশুদের উন্নতমানের খাবার পরিবেশন। | প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬<br>কোম্পানি সচিব, ডিএমটিসিএল<br>এবং<br>প্রকল্প ব্যবস্থাপক-৩, এমআরটি লাইন-৬ |

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

*স্বাক্ষরিত/-*
**(এম, এ, এন, ছিদ্দিক)**
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৬০৪.৪৪.০০১.১৯-৭৫

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ:**

**ক) কার্যার্থে**

১) প্রকল্প পরিচালক (সকল), এমআরটি লাইনস্
২) কোম্পানি সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
৩) ........................................................................, ডিএমটিসিএল/এমআরটি লাইনস
৪) অফিস কপি
৫) মাস্টার কপি

**খ) সদয় জ্ঞাতার্থে**

১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএমটিসিএল

১৩/০৩/২৩

**(মোঃ ইমার্ম উদ্দীন কবীর)**
উপপ্রকল্প পরিচালক (প্রশাসন)
এমআরটি লাইন-৬
ফোন: ০২- ৫৫১৩৮৬৬৯
ই-মেইল: dpdadmin16@dmtcl.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

**১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে পথশিশুদের মেট্রোরেলে আগারগাঁও স্টেশন হতে উত্তরা উত্তর স্টেশন এবং বিপরীতক্রমে ভ্রমণ ও আলোচনা সভা এবং কেক কাটা অনুষ্ঠানের কর্মসূচি**

| ক্রম | সময় | অনুষ্ঠান | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | সকাল ০৯:০০ ঘটিকা | পথশিশুদের আগারগাঁও মেট্রোরেল স্টেশনে উপস্থিতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও বিআরটিসি |
| ০২ | সকাল ০৯:১০ মিনিট | সকালের নাস্তা | ডিএমটিসিএল |
| ০৩ | সকাল ০৯:৪০ মিনিট | মেট্রোরেল যোগে আগারগাঁও স্টেশন হতে উত্তরা উত্তর স্টেশনের উদ্দেশ্যে যাত্রা | ডিএমটিসিএল |
| ০৪ | সকাল ১০:০০ ঘটিকা | উত্তরা উত্তর স্টেশনে উপস্থিতি এবং বিআরটিসি বাসযোগে মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রের উদ্দেশ্যে যাত্রা | বিআরটিসি |
| ০৫ | সকাল ১০:৩০ মিনিট | মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রে উপস্থিতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে যোগদান | ডিএমটিসিএল |
| ০৬ | সকাল ১১:০০ ঘটিকা | মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র থেকে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের উদ্দেশ্যে বিআরটিসি বাসযোগে যাত্রা | বিআরটিসি |
| ০৭ | সকাল ১১:০৫ মিনিট | উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন থেকে মেট্রোরেলে করে আগারগাঁও স্টেশনের উদ্দেশ্যে যাত্রা | ডিএমটিসিএল |
| ০৮ | সকাল ১১:২০ মিনিট | আগারগাঁও স্টেশনে উপস্থিতি | ডিএমটিসিএল |
| ০৯ | দুপুর ১২:০০ ঘটিকা | বিআরটিসি'র খোলা বাসযোগে পরবর্তী গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও বিআরটিসি |

১৬.৩.২০২৩

(মোহাম্মদ আবদুর রউফ)
(যুগ্মসচিব)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
☎ ৫৫১৩৮৪৮৯